আজই শুরু করো, কাল বড় দেরী হয়ে যাবে

১) বাল্যবিবাহ প্রতিরোধ আইন ২০০৬ অনুসারে ২১ বছরের কম বয়সী ছেলে ও ১৮ বছরের কম বয়সী মেয়েদের বিবাহ করা বা বিবাহের বন্দোবস্ত করা দণ্ডনীয় অপরাধ।

২) যদি কোন প্রাপ্তবয়স্ক পুরুষ, নাবালিকা কন্যাকে বিবাহ করেন তাহলে তাঁর দুই বৎসর পর্যন্ত সশ্রম কারাদণ্ড অথবা একলক্ষ টাকা পর্যন্ত জরিমানা অথবা জেল ও জরিমানা দুই হবে (ধারা ৯ অনুযায়ী)।

৩) যদি নাবালক বা নাবালিকা নিজের বিবাহের ইচ্ছা প্রকাশ করে, যে কোন ব্যক্তি যারা এই বাল্যবিবাহের কোন বিষয়ে জড়িত থাকেন অথবা যে ব্যক্তি, সংগঠন বা গোষ্ঠী এই বাল্য বিবাহকে উৎসাহিত করবেন, অবহেলা বশত বাধা সৃষ্টি করবেন না বা এই বাল্য বিবাহে উপস্থিত থাকবেন, তাঁর দুই বৎসর পর্যন্ত সশ্রম কারাদণ্ড এবং একলক্ষ টাকা পর্যন্ত জরিমানা হবে (ধারা ১০ এবং ১১ অনুযায়ী)।

৪) নাবালিকার মাতৃত্ব কখনোই কাম্য নয় এবং এটি স্বাস্থ্যের পক্ষে ক্ষতিকারক।

৫) বাল্যবিবাহ ও নাবালিকার উপর নিগ্রহের কারনে POCSO আইনে সর্বোচ্চ শাস্তি আমৃত্যু কারাদণ্ড অথবা ফাঁসি।

নাবালিকাকে রক্ষা করুন

জুভেনাইল জাস্টিস কমিটি হাইকোর্ট, ক্যালকাটা সহযোগিতায় পশ্চিমবঙ্গ রাজ্য আইনি পরিষেবা কর্তৃপক্ষ